

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আমাদের প্রকৃত অংশীদার হতে পরিবারদের সম্পৃক্তকরণ

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আশা করি এই বার্তাটি আপনাকে উষ্ণতা আর কমিউনিটির চেতনায় পরিবেষ্টিত অবস্থায় খুঁজে পাবে। আমরা যখন থ্যাংকস্‌গিভিং-এর ছুটির কাছাকাছি পৌঁছে যাচ্ছি, আমি NYC পাবলিক স্কুলগুলো বেছে নেয়ার জন্য আমাদের পরিবারদের এবং আমাদের পরিবারদের প্রতি আমাদের NYCPS-এর কর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই।

আমাদের ছেলেমেয়েদের জন্য আমাদের যৌথ দর্শন—বলিষ্ঠ সূচনা এবং উজ্জ্বল ভবিষ্যৎ—আমাদের পরিবার ও স্কুল কমিউনিটির সম্মিলিত শক্তির মাঝে গভীরভাবে গেঁথে আছে বলে আমার বিশ্বাস। সেজন্যে সম্পৃক্ততাই হচ্ছে আমাদের সব কাজের ভিত্তিপ্রস্তর। পরিবারবর্গ: আপনাদের সম্পৃক্ততা শুধু গুরুত্বপূর্ণই নয়; এটা অপরিহার্য।

আমরা যেভাবে রিডিং (পঠন) শেখাই তা রূপান্তর করার আমাদের উদ্যোগ, [NYC রিডস্](#) বিবেচনা করুন। আমাদের প্রথম (1) ধাপের ডিস্ট্রিক্টগুলোতে, আমরা স্থানীয় সাক্ষরতার কার্যক্রমগুলোর মধ্য দিয়ে পরিবারদের সাথে অংশীদারিত্ব করতে পেরে উদ্দীপ্ত, এবং দ্বিতীয় (2) ধাপের ডিস্ট্রিক্টগুলো, যেগুলো আগামী শিক্ষা বছর NYC রিডস্ বাস্তবায়ন করবে, সেগুলোতে পরিবারবর্গ ও কমিউনিটির মতামত পাঠ্যক্রম সংক্রান্ত সিদ্ধান্তসমূহের রূপদান করছে। এছাড়াও আমরা বাড়িতে রিডিং (পঠন)

দক্ষতা বৃদ্ধি করতে সিটিজুড়ে পরিবারদের সাথে বিভিন্ন [কর্মকাণ্ড](#) এবং [সংস্থান](#) শেয়ার করছি। বিগত সামারে, 1,000-এর বেশি পরিবার আমাদের নতুন আর্লি চাইল্ডহুড পাঠ্যক্রম সংক্রান্ত অধিবেশনে যোগ দিয়েছেন, এবং এই অধিবেশনগুলো পুরো শিক্ষা বছর জুড়ে অব্যাহত থাকবে।

আমাদের কলেজ এবং ক্যারিয়ার পথ-পরিক্রমায়, পিতামাতা-নেতৃত্ববৃন্দ [ফিউচাররেডিএনওয়াইসি \(FutureReadyNYC\)](#) এবং [আমাদের মডার্ন ইয়ুথ অ্যাপ্রেন্টিসশিপ \(কিশোর-কিশোরীদের জন্য আধুনিক শিক্ষানবিশি\)](#) শুরু করার পথ-নির্দেশনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। এছাড়াও, [NYCSA](#)-তে কলেজ এবং ক্যারিয়ার পেজ-এর মত আমাদের বিভিন্ন সংস্থান যেন সহায়ক ও অর্থবহ হয় তা নিশ্চিত করতে আমাদের ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট টিম এবং অফিস অভ স্টুডেন্ট প্যাথওয়েজ পরিবারদের মাঝে ফোকাস গ্রুপ পরিচালনা করেছে।

NYCPS-এ আমরা উভয় স্কুল ও সমগ্র সিটি পর্যায়ে পিতামাতার নেতৃত্বের মূল্য দেই। আপনি জানেন কি যে প্রতিটি পিতামাতা অথবা অভিভাবক আপনাপনিভাবে তার স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন কিংবা প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশনের একজন সদস্য? পরিবারবর্গ: আপনার মতামত মূল্যবান! স্কুলে সংশ্লিষ্ট হতে এবং স্কুল-ভিত্তিক সম্প্রদায়ের অন্যান্য সুযোগসমূহ, যেমন [স্কুল লিডারশিপ টিম](#), [স্কুল ওয়েলনেস কাউন্সিল](#), এবং [টাইটেল ওয়ান \(1\) রিপ্রেজেন্টেটিভ](#) ইত্যাদি সম্পর্কে জানতে স্কুলের সাথে সংযুক্ত হতে আমি আপনাদের উৎসাহিত করছি।

এছাড়াও, সিটিব্যাপী স্তরে, চ্যাম্বলারস্ প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল (CPAC) এবং আমাদের 36-টি কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল (CEC) পরিবারকে মতামত প্রদানের জন্য প্ল্যাটফর্ম প্রদান করে। (আমাদের এমনকি আমাদের হাই স্কুল সিনিয়রদের জন্য CEC আসন লভ্য রয়েছে, যারা [এখানে](#) আবেদন করতে পারে।) আমাদের CEC টাউন হলগুলোতে সম্পৃক্তমূলক ও অন্তর্দৃষ্টিমূলক আলোচনায় আমি সবসময়ই অনুপ্রাণিত হই, এবং আমি আপনাদের সবাইকে এই শীতে আমাদের আসন্ন [CEC](#) এবং [CPAC](#) মিটিংগুলোতে যোগ দেয়ার জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানাচ্ছি।


আমি আবারও আপনাদের নিবিড় অঙ্গীকার ও অংশীদারিত্বের জন্য—পরিবার, স্টাফ, এবং কমিউনিটি সদস্য—আপনাদের প্রত্যেককে ধন্যবাদ জানাতে চাই। প্রতিটি শিশু যেন তার পূর্ণ সম্ভাবনায় পৌঁছতে পারে, সেজন্য একসাথে আমরা আমাদের শিক্ষার্থীদের জন্য বলিষ্ঠ সূচনা ও উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলছি। আপনাদের পাঁশে থেকে এই কাজটি করতে পেরে আমি সম্মানিত বোধ করছি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যাম্বলার

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন। "Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।